গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
সাধারণ শাখা

মুন্সীগঞ্জ জেলায় শারদীয় দুর্গাপূজা ২০২২ উদযাপনের লক্ষ্যে আয়োজিত সভার কার্যবিবরণী

সভাপতি	কাজী নাহিদ রসুল জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।
সভার তারিখ	২১ সেপ্টেম্বর ২০২২
সভার সময়	দুপুর ০২.৩০ ঘটিকা
স্থান	সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শারদীয় দুর্গাপূজার অগ্রিম শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বাংলাদেশ সাম্প্রদায়িক সম্প্রীতির একটি দেশ। এখানে সকল ধর্ম বর্ণের মানুষ মিলেমিশে বসবাস করে এবং একসাথে ধর্মীয় ও সামাজিক উৎসব উদযাপন করে থাকে। এ বছর আইন শৃঙ্খলা রক্ষা কার্যক্রমকে প্রধান্য দিয়ে শারদীয় দুর্গাপূজা উদযাপন করতে হবে। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) সভার আলোচ্যসূচি সভায় পাঠ করে শুনান। অত:পর সভাপতি শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপনের লক্ষ্যে উপস্থিত সকলের মতামত আহ্বান করেন। সভায় উপস্থিত সদস্যবৃন্দ স্বতঃস্ফূর্তভাবে আলোচনায় অংশগ্রহণ করেন এবং তাদের মতামত ব্যক্ত করেন। মুন্সীগঞ্জ জেলায় পূজা উদ্‌যাপনের সাথে সংশ্লিষ্ট নেতৃবৃন্দ, উপজেলা নির্বাহী অফিসারগণ ও সভায় উপস্থিত সদস্যবৃন্দদের বক্তব্য ও প্রাপ্ত তথ্য থেকে পূজামন্ডপের নিম্নরুপ তথ্য পাওয়া যায়ঃ

জেলার নাম	উপজেলার নাম	পূজামন্ডপের সংখ্যা	অধিক গুরুত্বপূর্ণ পূজামন্ডপের সংখ্যা	মাঝারি গুরুত্বপূর্ণ	স্থায়ী পূজামন্ডপের সংখ্যা	অস্থায়ী পূজামন্ডপের সংখ্যা	বিসর্জন হবে এমন পূজা মন্ডপের সংখ্যা	বিসর্জন হবে না এমন পূজা মন্ডপের সংখ্যা
মুন্সীগঞ্জ	মুন্সীগঞ্জ সদর	৪৩ টি	০৮	১৯	১৮	২৫	৩১	১২
	টংগিবাড়ী	৫৪ টি	০৮	০২	৩৮	১৬	৪৩	১১
	গজারিয়া	১০ টি	০০	০০	১০	০০	০৭	০৩
	লৌহজং	৩৩ টি	০২	০৫	০৩	৩০	৩০	৩
	সিরাজদিখান	১১৬ টি	১২	১৮	৮৫	৩১	৪২	৭৪
	শ্রীনগর	৮০ টি	০৭	০০	৭০	১০	৬২	১৮
		৩৩৬ টি	৩৭	৪৪	২২৪	১১২	২১৫	১২১

২. সাধারণ সম্পাদক, উপজেলা পূজা উদযাপন পরিষদ, টংগিবাড়ী, মুন্সীগঞ্জ বলেন, টংগিবাড়ী উপজেলায় ৫৪ টি মন্ডপে পূজা উদযাপন করা হবে, এর মধ্যে স্থায়ী ৩৮ টি এবং অস্থায়ী ১৬ টি পূজা মন্ডপ রয়েছে। এ উপজেলার আলদী সার্বজনীন দুর্গাপূজা মন্ডপ, ছোট কেওয়ার সার্বজনীন দুর্গাপূজা মন্ডপ, চাঠাতিপাড়া সার্বজনীন দুর্গাপূজা মন্ডপসহ ০৮ টি মন্ডপকে অধিক গুরুত্বপূর্ণ মর্মে চিহ্নিত করা হয়েছে। তিনি অধিক গুরুত্বপূর্ণ মর্মে চিহ্নিত পূজামন্ডপগুলোতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থার আওতায় আনার জন্য অনুরোধ জানান। পরিশেষে তিনি প্রতিবারের ন্যায় এবারও তিনি অসাম্প্রদায়িকভাবে পূজা উদযাপনের আশাবাদ ব্যক্ত করেন।

৩. সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, সিরাজদিখান বলেন, সিরাজদিখান উপজেলায় ১১৬ টি মন্ডপে পূজা অনুষ্ঠিত হবে, এর মধ্যে ৮৫ টি স্থায়ী এবং ৩১ অস্থায়ী মন্ডপ রয়েছে। এ উপজেলার ১২ টি মন্ডপকে অধিক গুরুত্বপূর্ণ মর্মে চিহ্নিত করা হয়েছে। তিনি অধিক গুরুত্বপূর্ণ মর্মে চিহ্নিত পূজামন্ডপগুলোতে বিশেষ নিরাপত্তা ব্যবস্থার আওতায় আনার জন্য অনুরোধ জানান। তিনি কোন অপ্রিতিকর ঘটনা ছাড়া শান্তিপূর্ণভাবে পূজা উদযাপনের আশাবাদ ব্যক্ত করেন।

৪. সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, লৌহজং, মুন্সীগঞ্জ বলেন, লৌহজং উপজেলায় ৩৩ টি মন্ডপে পূজা অনুষ্ঠিত হবে, এর মধ্যে ০৩ টি স্থায়ী এবং ৩০ অস্থায়ী মন্ডপ রয়েছে। এ উপজেলার ০২ টি মন্ডপকে অধিক গুরুত্বপূর্ণ মর্মে চিহ্নিত করা হয়েছে। এছাড়াও তিনি জানান, বিগত বছর গুলোতে এখানে শান্তিপূর্ণভাবে এবং ধর্মীয় ভাবগাম্ভীর্যের সাথে শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপিত হয়েছে।

৫. সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, শ্রীনগর, মুন্সীগঞ্জ বলেন, সাম্প্রতিক সময়ে শ্রীনগর উপজেলার বাঘড়া ইউনিয়নে শ্মশানকে কেন্দ্র করে কিছুটা উত্তেজনা রয়েছে। ফলে বাঘড়া ইউনিয়নে কিছুটা অতিরিক্ত তত্ত্বাবধান প্রয়োজন। তিনি এ বিষয়ে প্রশাসনের সহায়তা কামনা করেন।

৬. সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, সদর, মুন্সীগঞ্জ বলেন, সদর উপজেলায় ৪৩টি মন্ডপে পূজা অনুষ্ঠিত হবে, এর মধ্যে ১৮ টি স্থায়ী এবং ২৫ টি অস্থায়ী মন্ডপ রয়েছে। এ উপজেলার মধ্যে পঞ্চসার ইউনিয়নের গোলাপ রায়ের দিঘীর পাড়, আধারা, বাংলাবাজার ও মোল্লাকান্দি ইউনিয়নে অবস্থিত পূজামন্ডপসমূহে নিরাপত্তা জোরদার করার অনুরোধ জানান।

৭. সভাপতি, উপজেলা পূজা উদযাপন পরিষদ, গজারিয়া, মুন্সীগঞ্জ জানান যে, গজারিয়া উপজেলায় ১০টি মন্ডপে পূজা অনুষ্ঠিত হবে, এর মধ্যে ১০ টি মন্ডপই স্থায়ী। এ উপজেলায় এখন পর্যন্ত পূজা উদযাপনে কোনরূপ ঝুঁকি পরিলক্ষিত হয়নি মর্মে জানান।

৮. অভিজিৎ দাস ববি, সহ সভাপতি, জেলা পূজা উদযাপন পরিষদ, মুন্সীগঞ্জ বলেন, শারদীয় দুর্গাপূজা উদ্‌যাপন উপলক্ষে পূজাপূর্ব, পূজাকালীন, পূজা পরবর্তী এ ৩টি স্তরে নিরাপত্তা নিশ্চিত করা প্রয়োজন। তিনি পূজার প্রাক্কালে নিরাপত্তা জোরদার করার বিষয়ে বিশেষ গুরুত্বারোপ করেন।

৯. সভাপতি, জেলা পূজা উদযাপন পরিষদ, মুন্সীগঞ্জ বলেন, মুন্সীগঞ্জ জেলায় সবসময় অসাম্প্রদায়িক চেতনার মধ্য দিয়ে শারদীয় দুর্গাপূজা উদযাপিত হয়ে আসছে। তবে বিগত বছরে শ্রীনগর উপজেলায় পূজামন্ডপ ভাংচুরের মত বিছিন্ন ঘটনা ঘটেছে। এ বছর স্ব স্ব মন্দিরে সকলের অংশগ্রহণে মন্দিরভিত্তিক সম্প্রীতি কমিটি গঠন করা হয়েছে। পূজার সময় বিদ্যুৎ ব্যবহার সীমিত রাখতে ১২ টার পর আলোকসজ্জা কমিয়ে আনা হবে মর্মে তিনি জানান। এছাড়াও তিনি জানান, পূজা উদ্‌যাপন নিবিঘ্ন রাখতে জেলা পর্যায়ে মনিটরিং সেল গঠন করা হবে।

১০. উপপরিচালক, এন.এস. আই, মুন্সীগঞ্জ বলেন, শারদীয় দুর্গপূজা উপলক্ষে গোয়েন্দা নজরদারি বৃদ্ধি করা হয়েছে। এ বিষয়ে জেলা প্রশাসক ও পুলিশ সুপার মহোদয়ের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রাখা হচ্ছে। আনসার টিম সার্বক্ষনিক মন্ডপে অবস্থান করবে বিধায় তাদের থাকা ও খাওয়ার ব্যবস্থা করার জন্য পূজা উদযাপন পরিষদকে অনুরোধ করেন।

১১. জি এম, পল্লী বিদ্যুৎ সমিতি, মুন্সীগঞ্জ বলেন, সারাদেশে বিদ্যুতের স্বল্পতা রয়েছে। তিনি পূজা মন্ডপে অবৈধভাবে বিদ্যুৎ সংযোগ না নেওয়ার আহ্বান জানান। অবৈধভাবে বিদ্যুৎ সংযোগ নেওয়ার ফলে দুর্ঘটনাও ঘটে থাকে মর্মে তিনি জানান। এছাড়াও তিনি উপজেলা/ইউনিয়ন ভিত্তিক পূজা মন্ডপের তালিকা সরবরাহের জন্য পূজা উদ্‌যাপন পরিষদকে অনুরোধ করেন।

১২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ বলেন, পূজামন্ডপসমূহে সার্বক্ষণিক সার্বিক নিরাপত্তার জন্য বড় পূজামন্ডপে ০৮ জন, মাঝারি পূজামন্ডপে ০৬ জন, ছোট পূজা মন্ডপে ০৪ জন করে দয়িত্ব প্রদান করা হবে।

১৩. মেয়র, মুন্সীগঞ্জ পৌরসভা বলেন, শারদীয় দুর্গাপূজা উপলক্ষে সকলকে সর্তক থাকতে হবে। মুন্সীগঞ্জ জেলায় শ্রীনগর ও সিরাজদিখান উপজেলায় পূজামন্ডপের সংখ্যা সবচেয়ে বেশি হওয়ার ফলে ০২ টি উপজেলায় অধিক গুরুত্ব দিতে হবে। তিনি আরও জানান, জেলা শহরের রাস্তার মোড়গুলোতে মোট ৬২ টি সিসি ক্যামেরা রয়েছে। এছাড়াও তিনি বিসর্জনের সময় ডুবুরী দল প্রস্তুত রাখার জন্য অনুরোধ জানান।

১৪. অতিরিক্ত পুলিশ সুপার (ডিএসবি), মুন্সীগঞ্জ বলেন, ধর্ম যার যার উৎসব সবার। আমাদের দেশে যুগ যুগ ধরে সকলে মিলে এক সাথে উৎসব পালন করে আসছে। আসন্ন পূজা উপলক্ষ্যে আইন-শৃঙ্খলা পরিস্থিতির বিষয়ে একাদিকবার মিটিং করা হয়েছে। নিরাপত্তা নিশ্চিতে ০৩ টি স্তরে নিরাপত্তা বলয় তৈরি করা হয়েছে। প্রতিটি পূজা মন্ডপে ২০ জন করে সেচ্ছাসেবক (আইডি কার্ডসহ) নিয়োগ করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। অতি গুরুত্বপূণ/গুরুত্বপূর্ণ/সাধারণ এর ভিত্তিতে বিভাজন করে টহল দেয়া হবে। শান্তিপূর্ণ পরিবেশে দুর্গাপূজা উদযাপনের জন্য সর্বোচ্চ প্রস্তুতি গ্রহণ করা হয়েছে।

১৫. এছাড়া বিভিন্ন সরকারি দপ্তরের প্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি এবং পূজা উদযাপনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ আলোচনায় অংশগ্রহণ করেন।

১৬.১ সভায় আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

ক্রমিক নং	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	কোভিড-১৯ পরিস্থিতিতে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ নির্দেশনা মোতাবেক স্বাস্থ্যবিধি মেনে শারদীয় দূর্গাপূজা উদযাপন করতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
২.	প্রতিটি পূজামন্ডপে নারী এবং পুরুষের জন্য পৃথক প্রবেশ এবং বহির্গমন পথ, হাত ধোয়ার ব্যবস্থা রাখতে হবে। মাস্ক পরিধান নিশ্চিত করতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
৩.	প্রতিটি মন্ডপে উপযুক্ত সংখ্যক স্বেচ্ছাসেবক (আইডি কার্ডসহ) নিয়োগ করতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
৪.	প্রতিমা তৈরী এবং পূজা উদযাপনের সময়ে আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য প্রয়োজনীয় সংখ্যক পুলিশ, আনসার ও গ্রাম পুলিশ মোতায়েন করতে হবে। অধিক জনসমাগম ও গুরুত্বপূর্ণ পূজামন্ডপ এলাকায় র‌্যাবের টহল বৃদ্ধি করতে হবে। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ, অধিনায়ক, র‌্যাব-১১ এবং জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। প্রতিমা তৈরি থেকে পূজা সমাপ্তি পর্যন্ত প্রতিটি পূজা মন্ডপে নিজস্ব উদ্যোগে নিরাপত্তা নিশ্চিত করতে হবে।	পুলিশ সুপার, মুন্সীগঞ্জ, অধিনায়ক, র‌্যাব-১১ এবং জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ
৫.	প্রত্যেক পূজামন্ডপে নিয়োজিত পুলিশ, আনসার, স্কাউট ও স্থানীয় অন্যান্য স্বেচ্ছাসেবীদের নিয়ে একটি কমিটি গঠন করতে হবে এবং পূজা চলাকালীন সময়ে এ কমিটির সদস্যদেরকে পালাক্রমে ০৬ (ছয়) ঘন্টা অন্তর অন্তর দায়িত্ব বন্টন করতে হবে।	পুলিশ সুপার, মুন্সীগঞ্জ; উপজেলা নির্বাহী অফিসার (সকল); জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ; কমিশনার, জেলা স্কাউট, মুন্সীগঞ্জ; জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
৬.	আসন্ন দুর্গা পূজ উপলক্ষে মুন্সীগঞ্জ জেলায় সকল ধর্ম, বর্ণ নির্বিশেষে সম্প্রীতি বজায় রাখতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহন করতে হবে।	জেলা সামাজিক সম্প্রীতি কমিটির সকল সদস্যবৃন্দ
৭.	পূজা আরম্ভ হওয়ার পূর্বে সকল উপজেলা নির্বাহী অফিসার উপজেলা পর্যায়ে প্রস্তুতিমূলক সভা আহ্বান করবেন।	উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ
৮.	আইন-শৃঙ্খলা বাহিনীকে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দেয়ার জন্য এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নিয়োগ ও জেলা ও উপজেলা পর্যায়ে কন্ট্রোল রুম খুলতে হবে।	অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, মুন্সীগঞ্জ ও উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ
৯.	মন্দির/মন্ডপ কেন্দ্রিক শৃঙ্খলা রক্ষা কমিটি গঠন করতে হবে এবং মন্দির কেন্দ্রিক ফোকাল পয়েন্ট কর্মকর্তা/সদস্য নির্বাচন করে তার মোবাইল নম্বর স্থানীয় প্রশাসনের নিকট সরবরাহ করতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
১০.	সকল প্রকার মেলার আয়োজন, মাদক, মদ, হাউজি, জুয়াসহ অন্য যে কোন আয়োজন থেকে বিরত থাকতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
১১.	পূজামন্ডপগুলোতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ এবং অস্থায়ী মিটার সংযোগ নিশ্চিত করতে হবে। লোডশেডিংয়ের সময় জেনারেটরের মাধ্যমে বিদ্যুৎ ব্যবহার করতে হবে। জেনারেটর স্থাপন করা সম্ভব না হলে প্রতিটি মন্ডপে চার্জার লাইটের ব্যবস্থা রাখতে হবে। পূজামন্ডপে সিসি ক্যামেরা, হ্যান্ড মেটাল ডিটেক্টর, থার্মাল ডিটেক্টরের ব্যবস্থা রাখতে হবে।	জি. এম, পল্লী বিদ্যুৎ, মুন্সীগঞ্জ এবং স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
১২.	নামায ও আযানের সময় ঢাক-ঢোল বাজানো বন্ধ রাখতে হবে। এ সময় পূজা মন্ডপে সকল প্রকার শব্দ যন্ত্রের ব্যবহার পরিহার করতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ

১৩.	সন্ধ্যার পূর্বেই নিকটস্থ জলাধারে প্রতিমা বিসর্জন করতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
১৪.	উপজেলা ভিত্তিক পূজামন্ডপগুলোর জন্য মেডিক্যাল টিম গঠন করতে হবে।	সিভিল সার্জন, মুন্সীগঞ্জ
১৫.	পর্যাপ্ত অগ্নিনির্বাপক যন্ত্র রাখতে হবে যাতে প্রাথমিক ব্যবস্থা গ্রহন করা যায়। বিজয়া দশমীর দিনে প্রতিমা বিসর্জনের স্থানে ফায়ার সার্ভিসের ডুবুরী দল প্রস্তুত রাখতে হবে।	ফায়ার সার্ভিস, মুন্সীগঞ্জ জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
১৬.	পূজামন্ডকে কর্তৃপক্ষকে স্থানীয় প্রশাসন, থানা, পুলিশ ফাঁড়ি এবং ফায়ার সার্ভিসের টেলিফোন নম্বর/মোবাইল নম্বর দৃশ্যমান স্থানে রাখতে হবে।	জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ ও স্ব স্ব মন্ডপ কর্তৃপক্ষ, মুন্সীগঞ্জ
১৭.	সোশ্যাল মিডিয়ার গুজব, বিভ্রান্তিকর/উস্কানীমূলক পোস্ট থেকে বিরত রাখতে প্রয়োজনীয় প্রচার প্রচারণা চালাতে হবে।	পুলিশ সুপার, মুন্সীগঞ্জ; উপজেলা নির্বাহী অফিসার (সকল), মুন্সীগঞ্জ; জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ; জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ; জেলা সামাজিক সম্প্রীতি কমিটির সকল সদস্যবৃন্দ
১৮.	শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মুন্সীগঞ্জ জেলায় ট্রাফিক ব্যবস্থাপনায় বিশেষ গুরুত্ব দিতে হবে।	পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
১৯.	পুলিশ সুপার, মুন্সীগঞ্জ অধিক গুরুত্বপূর্ণ পূজামন্ডপ/মাঝারি গুরুত্বপূর্ণ পূজামন্ডপ বিভাজন করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ বিষয়ে সভাপতি, জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ সার্বিক সহযোগিতা করবেন।	পুলিশ সুপার, মুন্সীগঞ্জ ও জেলা পূজা উদ্‌যাপন পরিষদ, মুন্সীগঞ্জ

১৬.২ উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয়পূর্বক সার্বিক পরিস্থিতি মনিটরিং এর জন্য উপজেলা ভিত্তিক অতিরিক্ত জেলা প্রশাসকগণ নিম্নরূপ দায়িত্ব পালন করবেন এবং প্রতিদিন রাত ৭.০০ টার মধ্যে সার্বিক প্রতিবেদন দিবেন। একই সাথে উপজেলা নির্বাহী অফিসারগণ অনুরূপ প্রতিবেদন জেলা প্রশাসক বরাবর দাখিল করবেনঃ

ক্রঃ নং	পদবী	উপজেলার নাম
১	অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)	গজারিয়া, মুন্সীগঞ্জ সদর ও টংগিবাড়ী
২	অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি)	শ্রীনগর, সিরাজদিখান ও লৌহজং
৩	**উপপরিচালক, স্থানীয় সরকার, মুন্সীগঞ্জ শারদীয় দুর্গাপূজা উপলক্ষে মুন্সীগঞ্জ জেলার সার্বিক বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারদের সাথে সমন্বয় এবং সার্বিক পরিস্থিতি মনিটরিং করবেন।**	

পরিশেষে সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ।

স্মারক নম্বর: ০৫.৩০.৫৯০০.২০৪.০৯.০১৪.১৯.৪৬৩

তারিখ: ১৫ আশ্বিন ১৪২৯
৩০ সেপ্টেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ

৩) সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

৪) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, ঢাকা

৫) ....., ..., মুন্সীগঞ্জ

৬) জেলা কর্মকর্তা (সকল), মুন্সীগঞ্জ

৭) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,সিরাজদিখান,মুন্সীগঞ্জ

৮) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, শ্রীনগর, মুন্সিগঞ্জ

৯) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মুন্সিগঞ্জ সদর

১০) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,গজারিয়া,মুন্সীগঞ্জ

১১) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, লৌহজং, মুন্সীগঞ্জ

১২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়,টংগীবাড়ী,মুন্সীগঞ্জ

কাজী নাহিদ রসুল
জেলা প্রশাসক